136

দৈনিক সংবাদ

তারিখ ... 16 APR 1998 ...
পৃষ্ঠা 1 কলাম 2

# এসএসসি পরীক্ষা আজ শুরু হচ্ছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ সারাদেশে ৫টি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। এ বছরই নতুন এবং পরিবর্তিত পাঠ্যসূচিতে প্রথম এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আজ সকাল ১০টায় অনুষ্ঠিত হবে ইংরেজি প্রথমপত্র পরীক্ষা।

গত বছরের চেয়ে এবার প্রায় ৬ লাখেরও বেশি পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

দেশের বাইরের ৫টি কেন্দ্রসহ সারাদেশের ৮৪৪টি কেন্দ্রে মোট ৭ লাখ ৪৭ হাজার ৭শ' ৩৫ জন পরীক্ষার্থী রয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডের অধীনে রয়েছে বিদেশের ৫টিসহ ২২০টি কেন্দ্র, বোর্ডের মোট পরীক্ষার্থী ২ লাখ ১৬ হাজার ৭শ' ৪৪ জন। এর মধ্যে ১৯৯৮ সালের পরিবর্তিত পাঠ্যসূচিতে নিয়মিত পরীক্ষার্থী হচ্ছে ১ লাখ ২৯ হাজার ৯শ' ৮৫ জন এবং ১৯৯৭ সালের পুরাতন পাঠ্যসূচিতে অনিয়মিত পরীক্ষার্থী হচ্ছে ৮৬ হাজার ৭শ' ৫৯ জন। যশোর বোর্ডের অধীনে ১শ' ১৫টি কেন্দ্রের মোট পরীক্ষার্থী হচ্ছে ১ লাখ ৩৬ হাজার ৬শ' ৮৮ জন। এর মধ্যে নিয়মিত পরীক্ষার্থী ৭৯ হাজার ৬শ' ৫২ জন এবং অনিয়মিত ৫৭ হাজার ৩৬ জন।

রাজশাহী বোর্ডের অধীনে ২শ' ১১টি কেন্দ্রের আওতায় পরীক্ষার্থী হচ্ছে ২ লাখ ৮ হাজার ৭শ' ১৩ জন। এরমধ্যে নিয়মিত পরীক্ষার্থী ১ লাখ ৩০ হাজার ৮শ' ৩৬ জন

এসএসসি ঃ পৃঃ ১১ কঃ ৪

## এসএসসি ঃ পরীক্ষা আজ থেকে

( ১ম পৃষ্ঠার পর )

এবং অনিয়মিত পরীক্ষার্থী ৭৬ হাজার ৮শ' ২৪ জন।

চট্টগ্রাম বোর্ডে ৮০টি কেন্দ্রের অধীনে মোট পরীক্ষার্থী ৬২ হাজার ২শ' ৬৮ জন। এর মধ্যে নিয়মিত পরীক্ষার্থী ৪৪ হাজার ১শ' ১ জন এবং অনিয়মিত পরীক্ষার্থী ১৮ হাজার ১শ' জন।

কুমিল্লা বোর্ডের অধীনে ১৬৮টি কেন্দ্রের আওতায় মোট পরীক্ষার্থী ১ লাখ ২৩ হাজার ৩শ' ২২ জন। এর মধ্যে নিয়মিত পরীক্ষার্থী ৮৭ হাজার ২শ' ১৩ জন এবং অনিয়মিত পরীক্ষার্থী হচ্ছে ৩৬ হাজার ১শ' ৯ জন।

দেশের বাইরে যে ৫টি কেন্দ্রে একযোগে পরীক্ষা হচ্ছে সেগুলো হচ্ছে সৌদি আরবের রিয়াদ ও জেদ্দা, কাতারের দোহা, লিবিয়ার ত্রিপলি এবং দুবাইয়ে। বিদেশী পরীক্ষার্থীদের প্রবেশপত্র, প্রশ্নপত্র এবং উত্তরপত্র পররাষ্ট্র মন্ত্রণালয়ের ডিপ্লোম্যাটিক ব্যাগে করে পাঠানো হয়েছে।

এবার নতুন সিলেবাসের আওতায় পরীক্ষা অনুষ্ঠিত হলেও পুরাতন সিলেবাসের আওতায় অনিয়মিত পরীক্ষার্থীর সংখ্যাও কম নয়। দেখা গেছে মোট পরীক্ষার্থীর মধ্যে নিয়মিত পরীক্ষার্থী হচ্ছে ৪ লাখ ৭১ হাজার ৭শ' ৮৭ জন এবং অনিয়মিত পরীক্ষার্থী হচ্ছে ২ লাখ ৭৪ হাজার ৮শ' ৩২ জন। এছাড়া ৩টি বিভাগে এবারের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এর মধ্যে বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থী সংখ্যা ২ লাখ ৪৫ হাজার ৪শ' ৫২ জন, মানবিক বিভাগের পরীক্ষার্থীর সংখ্যা ৪ লাখ ৪৭ হাজার ৮শ' ২১ জন এবং বাণিজ্য বিভাগের পরীক্ষার্থী সংখ্যা ৫৩ হাজার ৯শ' ৬২ জন।

প্রতি বছরের মত এবারও পরীক্ষাকালে কেন্দ্রগুলোতে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং অবৈধ উপায় অবলম্বন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে।